

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮২১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ প্রাণহীন বর্ধনশীল উদ্ভিদ যতক্ষণ পর্যন্ত সতেজ থাকে, ততক্ষণ পর্যন্ত সেগুলো আল্লাহর তাসবীহ পাঠ করে

ذَكَرُ الْخَبْرِ الدَّالِّ عَلَى أَنَّ الْأَشْيَاءَ النَّامِيَةَ الَّتِي لَا رُوحَ فِيهَا تُسَبِّحُ مَا دَامَتْ رَطْبَةً

আরবী

821 - أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهَبٍ بْنُ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ قَالَ حَدَّثَنِي زَيْدُ بْنُ أَبِي أَنَيْسَةَ عَنِ الْمِنْهَالِ بْنِ عَمْرٍو عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كُنَّا نَمْشِي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَرَرْنَا عَلَى قَبْرَيْنِ فَقَامَ فَمَقَمْنَا مَعَهُ فَجَعَلَ لَوْنُهُ يَتَغَيَّرُ حَتَّى رَعَدَ كَمْ قَمِيصِهِ فَقُلْنَا: مَا لَكَ يَا نَبِيَّ اللَّهِ؟ قَالَ: (مَا تَسْمَعُونَ مَا أَسْمَعُ)؟ قُلْنَا: وَمَا ذَاكَ يَا نَبِيَّ اللَّهِ؟ قَالَ: (هَذَانِ رَجُلَانِ يُعَذَّبَانِ فِي قُبُورِهِمَا عَذَابًا شَدِيدًا فِي ذَنْبِ هَيْنٍ) قُلْنَا: مِمَّ ذَلِكَ يَا نَبِيَّ اللَّهِ؟ قَالَ: (كَانَ أَحَدُهُمَا لَا يَسْتَنْزَهُ مِنَ الْبُؤْلِ وَكَانَ الْآخَرُ يُؤْذِي النَّاسَ بِلِسَانِهِ وَيَمْشِي بَيْنَهُمَا بِالنَّمِيمَةِ) فَدَعَا بِجَرِيدَتَيْنِ مِنْ جَرَائِدِ النَّخْلِ فَجَعَلَ فِي كُلِّ قَبْرٍ وَاحِدَةً قُلْنَا: وَهَلْ يَنْفَعُهُمَا ذَلِكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (نَعَمْ يَخْفَفُ عَنْهُمَا مَا دَامَا رَطْبَتَيْنِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 821 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮২১. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে হাঁটছিলাম, অতঃপর আমরা দুটি কবরের পাশ দিয়ে অতিক্রম করলাম। অতঃপর তিনি দাঁড়ালেন, আমরাও দাঁড়ালাম। অতঃপর তাঁর শরীরের রং পরিবর্তন হতে লাগলো, এমনকি তাঁর জামার আস্তিন কাপছিলো। ফলে আমরা বললাম, “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার কী হয়েছে?” জবাবে তিনি বলেন, “তোমরা কী শুনতে পাও, যা আমি শুনতে পাই?” আমরা বললাম, “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সেটা কী?” জবাবে তিনি বলেন, “এই দুইজন

ব্যক্তিকে হালকা পাপের জন্য তাদের কবরে কঠিন শাস্তি দেওয়া হচ্ছে!” আমরা বললাম, “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সেটা কেন?” জবাবে তিনি বলেন, “তাদের একজন পেশাবের ছিটা থেকে বেঁচে থাকতো না। আর অপরজন তার জবান দিয়ে মানুষকে কষ্ট দিতো এবং তাদের মাঝে চোগলখুরি করতো।” অতঃপর তিনি খেজুর গাছের দুটি ডাল আনতে বললেন। অতঃপর তিনি প্রত্যেক কবরে একটি করে ডাল পুঁতে দিলেন। আমরা বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা কি তাদের কোন উপকারে আসবে?” তিনি বলেন, “হ্যাঁ, যতক্ষণ পর্যন্ত ডাল দুটি সতেজ থাকবে, ততক্ষণ পর্যন্ত তাদের কবরের আযাব হালকা করা হবে।”[1]

ফুটনোট

[1] বাইহাকী, আযাবুল কবর: ১২৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৭৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/৮৭-৮৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89324>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন